কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.২৩.০০৭.১৭.২০৮

তারিখ: ০৭ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ।
১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে মহান শহিদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. আপনার দপ্তর/বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ে সকল অফিসসমূহে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.০২.১৯

মোঃ শাহিন মিয়া
উপসচিব
সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮১১৫।
e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত),বিএডিসি, ঢাকা।
০৪. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৫. প্রধান (পরিকল্পনা/মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৬. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৭. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৮. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৯. যুগ্মপরিচালক (ডাল ও তৈলবীজ/সবজি বীজ),বিএডিসি, ঢাকা।
১০. জনসংযোগ কর্মকর্তা,বিএডিসি, ঢাকা।
১১. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১২. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু),বিএডিসি, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
১৪. কম্পিউটার প্রোগ্রামার,আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ, রেজি নং-১৯০৩, সিবিএ, কৃষি ভবন, ঢাকা।

১৬. সভাপতি/সাধারণ সম্পাদক (বঙ্গবন্ধু পরিষদ, বিএডিসি শাখা/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট মুক্তিযোদ্ধার সন্তান কমান্ড/বিএডিসি কৃষিবিদ সমিতি/বিএডিসি অফিসার্স এসোসিয়েশন/বিএডিসি প্রকৌশলী সমিতি/বিএডিসি অফিসার্স ফোরাম/বিএডিসি ডিপ্লোমা কৃষিবিদ সমিতি/বিএডিসি ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন/বিএডিসি উইমেন এসোসিয়েশন), বিএডিসি, ঢাকা।

১৭. .....

১৮. অফিস কপি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	১৯ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ; বেলাঃ ০২:৩০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি সকল ভাষা শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে আলোচনার সূত্রপাত করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) প্রস্তাবিত কর্মসূচিসমূহ উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
০১.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার কৃষি ভবন, সেচভবন, বীজ ভবন এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহ ও শিক্ষা প্রতিষ্ঠানে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং সূর্যোস্তের পর জাতীয় পতাকা নামানো।	সাধারণ পরিচর্যা বিভাগ, মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান, সকল প্রধান শিক্ষক।
০২.	কৃষি ভবন, সেচ ভবন, বীজ ভবন এবং ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীকে আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার পলাশীর মোড়ে সকাল ৬:০০ ঘটিকায় একত্রিত হয়ে ব্যানারসহ কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা।	সাধারণ পরিচর্যা বিভাগ ও সকল দপ্তর/বিভাগীয় প্রধান।
০৩.	বিএডিসি'র ঢাকাস্থ কর্মকর্তা/কর্মচারীদের কৃষি ভবন ও পলাশীর মোড়ে যাতায়াতের সুবিধার্থে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করা।	সাধারণ পরিচর্যা বিভাগ।
০৪.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আগামী ২১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার মিরপুরস্থ বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাতের আয়োজন করা এবং বিএডিসি'র আওতাধীন মাঠ পর্যায়ের ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা।	নিয়োগ ও কল্যণ বিভাগ, বিএডিসি ওয়েলফেয়ার এসোসিয়েসন, বিএডিসি স্টাফ কোয়ার্টার মসজিদ কমিটি ও মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান।
০৫.	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বাদ যোহর কৃষি ভবনস্থ মসজিদে বিশেষ মোনাজাতের	নিয়োগ ও কল্যণ বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ।

ক্রঃ নং	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/কর্তৃপক্ষ
	আয়োজন করা এবং বেলা ২:৩০ ঘটিকায় ঢাকাস্থ বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে কৃষি ভবনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা।	সকল বিভাগীয় প্রধান।
০৬.	বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করা। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণকে বিষয়টি অবহিত করবেন।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

০৩. কৃষি ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে সচিব, বিএডিসিকে আহবায়ক, যুগ্মসচিব (নিওক), যুগ্মসচিব (সংস্থাপন), উপসচিব (সাধারণ পরিচর্যা), সকল উইং হতে একজন প্রতিনিধি, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ), বঙ্গবন্ধু পরিষদ (বিএডিসি শাখা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বিএডিসি প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড) এবং বিএডিসি'র সকল পেশাজীবী সংগঠনের সভাপতি/সাধারণ সম্পাদক/তাঁদের প্রতিনিধিকে সদস্য করে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪. মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলো ।

০৫. সভাপতি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানান।

০৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার)
চেয়ারম্যান, বিএডিসি
ও
সভাপতি
মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
পালনের প্রস্তুতিমূলক সভা।